


ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি

স্টাফ রিপোর্টার, গাজীপুর

প্রকাশিত: ১৭:৪৮, ১০ ডিসেম্বর ২০২৪



ছবি: সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয় ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম
পূরণের সময় বৃদ্ধি করেছে।

সংশোধনী বিজ্ঞপ্তি অনুযায়ী, শিক্ষার্থীরা ১০ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে
আবেদন ফরম পূরণ করতে পারবেন। শিক্ষার্থীদের আবেদন ফরমের প্রিন্ট কপি কলেজে জমা
দেওয়ার শেষ তারিখ ১৭ ডিসেম্বর। কলেজ কর্তৃক শিক্ষার্থীদের ডেটা নিশ্চয়নের তারিখ ১৮
ডিসেম্বর থেকে ১৯ ডিসেম্বর।

এছাড়া, কলেজ কর্তৃক সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেওয়ার তারিখ ২২ ডিসেম্বর থেকে
২৩ ডিসেম্বর পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট (www.nu.ac.bd অথবা www.nubd.info) থেকে পাওয়া যাবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের ভারপ্রাপ্ত
পরিচালক মোঃ মোস্তাফিজুর রহমান সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

মেহেদী কাউসার